

রাজনীতি

একটি ছাত্রসংগঠনকে বিশেষ সুবিধা দিতে সময় বাড়ানোর অভিযোগ, প্রশাসনের নাকচ

নিজস্ব প্রতিবেদক ঢাকা

আপডেট: ১৯ আগস্ট ২০২৫, ১৫: ৫৪



প্রধান রিটার্নিং কর্মকর্তা অধ্যাপক মোহাম্মদ জসীম উদ্দিন আজ মঙ্গলবার সিনেট ভবনের তৃতীয় তলায় মনোনয়নপত্র সংগ্রহের তথ্য জানান। ছবি: প্রথম আলো ডাক্সু নির্বাচন

ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্রসংসদ নির্বাচনে (ডাক্সু) মনোনয়নপত্র সংগ্রহের শেষ দিনে আজ মঙ্গলবার দুপুর পর্যন্ত আরও ২১ প্রার্থী মনোনয়নপত্র সংগ্রহ করেছেন।

মনোনয়নপত্র সংগ্রহের সময় এক দিন বাড়ানো হয়েছে। সে হিসেবে আজই শেষ দিন। তবে সময় বাড়ানোয় বিশ্ববিদ্যালয় প্রশাসনের বিরুদ্ধে পক্ষপাতিত্বের অভিযোগ তুলেছে গণতান্ত্রিক ছাত্রসংসদসহ কয়েকটি ছাত্রসংগঠন।

তারা বলছে, একটি ছাত্রসংগঠনকে বিশেষ সুবিধা দিতেই প্রশাসন সময় বাড়িয়েছে।

শেষ দিনে দুপুর সাড়ে ১২টা পর্যন্ত ডাকসুর বিভিন্ন পদে আরও ২১ জন মনোনয়নপত্র সংগ্রহ করেছেন। এ নিয়ে ডাকসুতে এখন পর্যন্ত মোট ৫৮৬ জন মনোনয়নপত্র নিয়েছেন। মনোনয়নপত্র জমা দিয়েছেন ২১ জন। ডাকসুর প্রধান রিটার্নিং কর্মকর্তা অধ্যাপক মোহাম্মদ জসীম উদ্দিন এক ব্রিফিংয়ে এ কথা বলেন। বেলা পৌনে ১টার দিকে বিশ্ববিদ্যালয়ের নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনের তৃতীয় তলায় এই ব্রিফিং হয়।

সময় বাড়ানোর অভিযোগের বিষয়ে এক প্রশ্নের জবাবে প্রধান রিটার্নিং কর্মকর্তা বলেন, ‘কাউকে বিশেষ সুবিধা দেওয়ার জন্য আমরা এক দিন সময় বৃদ্ধি করিনি। আপনারা দেখেছেন গতকাল শিক্ষার্থীদের উপস্থিতি কেমন ছিল। ডাকসু তাদের অধিকার। সেই অধিকারটুকু যেন শিক্ষার্থীরা ভালোভাবে নিতে পারে, সে জন্যই আমরা এক দিন বাড়িয়েছি।’

গতকাল পর্যন্ত ডাকসুর ২৮ পদে ৫৬৫ জন প্রার্থী মনোনয়নপত্র সংগ্রহ করেছেন। আর ১৮টি হল সংসদে বিভিন্ন পদের জন্য মনোনয়নপত্র নিয়েছেন ১ হাজার ২২৬ জন। ২০ আগস্ট বিকেল পাঁচটার মধ্যে এসব মনোনয়নপত্র জমা দিতে হবে।

ঘোষিত তফসিল অনুযায়ী, আগামী ৯ সেপ্টেম্বর ডাকসু নির্বাচন অনুষ্ঠিত হবে। হলের বাইরে আট কেন্দ্রে ভোটগ্রহণ হবে। ইতিমধ্যে চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ করা হয়েছে। চূড়ান্ত তালিকায় মোট ভোটারসংখ্যা ৩৯ হাজার ৭৭৫ জন। এর মধ্যে ছাত্র ভোটার ২০ হাজার ৮৭১ জন ও ছাত্রী ভোটার ১৮ হাজার ৯০২ জন।